ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
নির্বাচন অগ্রাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৪৩

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষে সাংবাদিক, নির্বাচন কমিশন/ রিটার্নিং অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যুকরণ সংক্রান্ত।

সূত্র : ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৪.২৫-১৪১, তারিখ : ২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের দিন ভোটকেন্দ্রে প্রবেশে বিধি নিষেধ রয়েছে এবং সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটার ও নির্বাচন কমিশনের অনুমোদিত পরিচয়পত্রধারীরাই ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারেন। গণমাধ্যমকর্মীদের জন্য কমিশন কর্তৃক অনুমোদিত "নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা ২০২৫" রয়েছে; যা মেনে সাংবাদিকদের সংবাদ সংগ্রহ করতে হবে।

০২। সংবাদ সংগ্রহে ইচ্ছুক সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যুর জন্য নির্বাচন কমিশন হতে https://pr.ecs.gov.bd/ ওয়েব পোর্টাল তৈরি করা হয়েছে। সারাদেশের সাংবাদিকদের উক্ত পোর্টালে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাই করে অনুমোদন করার পর আবেদনকারী সাংবাদিক অনলাইন হতে কার্ড ও গাড়ির স্টিকার ডাউনলোড করে মুদ্রণ করতে হবে।

০৩। ঢাকাস্থ কেন্দ্রীয় সাংবাদিকদের কার্ড ও গাড়ির স্টিকার নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা হতে এবং সারাদেশের স্থানীয় পর্যায়ের সাংবাদিকদের সাংবাদিক কার্ড ও গাড়ির স্টিকার সংক্রান্ত অনলাইন আবেদনসমূহ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা তাঁর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অনুমোদন করবেন। এজন্য ইতোমধ্যে (https://pr.ecs.gov.bd/) পোর্টালে রিটার্নিং অফিসারদের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরি করা হয়েছে।

০৪। সাধারণত দৈনিক, সাপ্তাহিক, ইলেকট্রনিক গণমাধ্যম যেমন-রেডিও, টেলিভিশন, সরকার অনুমোদিত অনলাইন নিউজ এজেন্সি, আইপি টিভি, অনলাইন নিউজ পোর্টাল ও নিউজ এজেন্সির সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার দেয়া হয়। এদের মধ্যে যেসব পত্রিকার নাম চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মিডিয়া লিস্টে রয়েছে; এছাড়াও দৈনিক পত্রিকার নিবন্ধন রয়েছে এবং নিয়মিত প্রকাশিত হয় সেসব পত্রিকার সাংবাদিকদের অনলাইনে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তথ্যাদি যাচাই-বাছাই করে পরিচয়পত্র ও গাড়ির স্টিকার অনুমোদন করতে হবে।

০৫। গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সংবাদ সংগ্রহে ইচ্ছুক সাংবাদিকগণ আগামী **০৩ ফেব্রুয়ারি ২০২৬** তারিখ পর্যন্ত https://pr.ecs.gov.bd/ পোর্টালে প্রবেশ করে আবেদন সম্পন্ন করতে হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত ফরমেট ও সাইজ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করতে হবে -

- আবেদনকারীর ছবি: 300×300 px, JPG/PNG, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক);
- স্বাক্ষর: 300×80 px, JPG/PNG, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- NID কার্ড: JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- প্রেস কার্ড / অফিস আইডি: JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- গণমাধ্যম প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত সাংবাদিকের তালিকা: সাধারণত 200 KB, সাংবাদিক ক্ষেত্রে সর্বোচ্চ 4 MB
- নিবন্ধনের প্রমাণপত্র (যদি থাকে): JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (ঐচ্ছিক)
- PID / Accreditation কার্ড (যদি থাকে): JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (ঐচ্ছিক)
- সাপোর্ট স্টাফ প্রয়োজন হলে পোর্টালে চাহিত সকল তথ্যসহ আবেদন করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন অনুমোদন করা হবেনা। (ছবি ও স্বাক্ষরের ব্যাকগ্রাউন্ড পরিষ্কার করলে কার্ডে স্বাক্ষর সুন্দরভাবে প্রদর্শিত হবে।)

০৫। নির্বাচনি এলাকা ও ভোটকেন্দ্রে সাংবাদিকদের নিম্নোক্ত নির্দেশাবলী মেনে চলতে হবে।

- নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রদত্ত বৈধ কার্ডধারী সাংবাদিক সরাসরি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন।
- ভোটকেন্দ্রে প্রবেশের পর প্রিজাইডিং অফিসারকে অবহিত করে ভোটগ্রহণ কার্যক্রমের তথ্য সংগ্রহ, ছবি তোলা এবং ভিডিও ধারণ করতে পারবেন, তবে কোনক্রমেই গোপন কক্ষের ভিতরের ছবি ধারণ করতে পারবেন না:
- একইসাথে দুইয়ের অধিক মিডিয়ার সাংবাদিক একই ভোটকক্ষে প্রবেশ করতে পারবেন না এবং ১০ মিনিটের বেশি ভোটকক্ষে অবস্থান করতে পারবেন না;

(অপর পাতায় দ্রষ্টব্য)

- ভোটকক্ষে নির্বাচনি কর্মকর্তা, নির্বাচনি এজেন্ট বা ভোটারদের সাক্ষাৎকার গ্রহণ করতে পারবেন না;
- ভোটকক্ষের ভিতর হতে কোনভাবেই সরাসরি সম্প্রচার করা যাবে না;
- ভোটকেন্দ্রের ভিতর হতে সরাসরি সম্প্রচার করতে হলে ভোটকক্ষ হতে নিরাপদ দূরত্বে গিয়ে তা করতে হবে, কোনক্রমেই ভোটগ্রহণ কার্যক্রমে বাঁধার সৃষ্টি করা যাবে না;
- সাংবাদিকগণ ভোটগণনা কক্ষে ভোট গণনা দেখতে পারবেন, ছবি নিতে পারবেন তবে সরাসরি সম্প্রচার করতে পারবেন না;
- ভোটকক্ষ হতে ফেসবুকসহ কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি প্রচার করা যাবেনা;
- কেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রম ব্যাহত হয় এমন সকল কাজ থেকে বিরত থাকবেন;
- ভোটকেন্দ্রে সাংবাদিকগণ প্রিজাইডিং অফিসারের আইনানুগ নির্দেশনা মেনে চলবেন:
- নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজে কোনরূপ হস্তক্ষেপ করতে পারবেন না;
- কোন প্রকার নির্বাচনি উপকরণ স্পর্শ বা অপসারণ করতে পারবেন না;
- নির্বাচনি সংবাদ সংগ্রহের সময় প্রার্থী বা কোন রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে যেকোন ধরণের প্রচারণা বা বিদ্বেষমূলক প্রচারণা হতে বিরত থাকবেন;
- নির্বাচন অনুষ্ঠানে সহায়তার জন্য নির্বাচনি আইন ও বিধিবিধান মেনে চলবেন;

০৬। নির্বাচন কমিশন/ রিটার্নিং অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে একই পদ্ধতিতে সফটওয়ারে নির্ধারিত তথ্য প্রদান পূর্বক আবেদন করলে পরিচয়পত্র ও গাড়ির স্টিকার প্রদান করা যাবে।

০৭। **কার্ড অনুমোদনের পূর্বে রিটার্নিং অফিসারের করণীয় :**
প্রত্যেক অনুমোদনকারী ইউজার এডমিন প্যানেলে লগইন করার পর সাইড বারে এডমিন প্রোফাইল অপশনে ক্লিক করে বাধ্যতামূলকভাবে স্বাক্ষর সংযুক্ত করতে হবে। স্বাক্ষর অবশ্যই 300×80 pixel এর মধ্যে হতে হবে। স্বাক্ষর সংযুক্ত না করে কোন অবস্থাতেই আবেদন অনুমোদন করা যাবে না। এ সংক্রান্ত ইউজার ম্যানুয়েল সংযুক্ত করা হলো। প্রত্যেক রিটার্নিং অফিসারকে এডমিন ইউজার আইডি ও পাসওয়ার্ড ই-মেইলে ও হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণ করা হবে। স্ব-স্ব অ্যাডমিন আইডিতে লগইন করার পর পাসওয়ার্ড পরিবর্তন করে নিতে হবে। **এ সংক্রান্ত টেকনিক্যাল সাপোর্ট প্রয়োজন হলে অফিস সময়ে দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রোগ্রামার এর মোবাইল নম্বরে ০১৭১৫-৩৩১২৩৩ (হোয়াটসঅ্যাপ) যোগাযোগ করা যাবে।**

০৮। ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণের সময় সাংবাদিকদের বিষয়ে নির্দেশনাসমূহ জানিয়ে দিতে হবে। উপরোল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) "নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা ২০২৫;
(২) সরকার কর্তৃক অনুমোদিত গণমাধ্যম প্রতিষ্ঠানের তালিকা;
(৩) ইউজার ম্যানুয়েল ০২ পাতা।

২৬/০১/২৬

( মোঃ রুহুল আমিন মল্লিক )
পরিচালক (জনসংযোগ)
মোবাইল : ০১৭১৫২৯৫০৪৬ (হোয়াটসঅ্যাপ)
e-mail : dirpr@ecs.gov.bd

প্রাপক,
১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক.....................(সকল) ও রিটার্নিং অফিসার।

নং- ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৪৩

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

০১। বিভাগীয় কমিশনার, .................................. (সংশ্লিষ্ট);
০২। উপ মহাপুলিশ পরিদর্শক, ,.................................. (সকল);
০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ..................(সংশ্লিষ্ট);
০৪। পুলিশ সুপার, ,.................................. (সকল);
০৫। সিনিয়র জেলা/ জেলা নির্বাচন অফিসার,.................(সকল) [পত্রের অনুলিপি সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহের অনুরোধসহ];
০৬। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৭। মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......................................................, এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৯। সহকারী রিটার্নিং অফিসার.......................(সকল), গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬;
১০। উপেজলা/থানা নির্বাচন অফিসার, ....................................(সকল);
১১। অফিসার-ইন-চার্জ, ........................................... (সকল) থানা;
১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬/০১/২৬

(আসমা দিলারা জান্নাত)
সিনিয়র সহকারী সচিব
প্রকাশনা ও ডকুমেন্টেশন